ملاحظة روضة الأدب

تاليف: مولانا مشتاق أحمد الجرتهاولي

ملاحظ: مولانا مصدق بن جمشيد

معلم: إقرأ مدرسة- دوهار، داكا

فاضل: الجامعة الاسلامية قاسم العلوم جميل مدرسة-بغورا

ملاحظة روضة الأدب

বইয়ের ভূমিকা

বিসমিল্লাহির রহমানির রহিম। পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি।

সমস্ত প্রশংসা মহান রাব্বুল আলামিনের জন্য, যিনি মানবজাতিকে জ্ঞান ও প্রজ্ঞার আলোয় উদ্ভাসিত করেছেন এবং আল-কুরআনের ভাষা হিসেবে আরবিকে এক অনন্য মর্যাদায় আসীন করেছেন। দুরুদ ও সালাম বর্ষিত হোক মানবতার মুক্তির দূত, আরবের শ্রেষ্ঠ সুবক্তা হযরত মুহাম্মদ মোস্তফা (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর প্রতি, এবং তাঁর পরিবারবর্গ ও সাহাবায়ে কেরামের ওপর।

আরবি ভাষা কেবল একটি অঞ্চলের বা জাতির ভাষা নয়, বরং এটি দ্বীন ইসলামের মূল উৎস-পবিত্র কুরআন, হাদিস শরিফ এবং ইসলামী শরিয়তের বিশাল জ্ঞানভাণ্ডার বোঝার একমাত্র চাবিকাঠি। তাই দ্বীনি শিক্ষার সঠিক মর্ম উপলব্ধি করার জন্য এই ভাষায় দক্ষতা অর্জন করা অত্যন্ত জরুরি। মাদ্রাসা শিক্ষার সিলেবাসে আরবি ভাষা ও সাহিত্যের বুনিয়াদ গড়ে তোলার জন্য 'রাওদাতুল আদব' (روضة الادب) একটি অত্যন্ত চমৎকার ও জনপ্রিয় পাঠ্যবই। কিন্তু অনেক শিক্ষার্থীর জন্যই এর গূঢ় অর্থ, ব্যাকরণগত কাঠামো এবং অনুশীলনীগুলো শিক্ষকের সাহায্য ছাড়া পুরোপুরি আয়ত্ত করা কঠিন হয়ে পড়ে।

আর এই কথাটাকে বিবেচনা করে, এই কিতাবটি বাজারে প্রচলিত অন্যান্য সাধারণ বাংলা ব্যাখ্যাগ্রন্থ বা নোটবইয়ের মতো কেবল আক্ষরিক অনুবাদের উদ্দেশ্যে লেখা হয়নি। আমার মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের সামনে প্রতিটি অধ্যায়ের ভেতরের প্রকৃত পাঠ ও মূল বিষয়গুলোকে নিখুঁতভাবে ফুটিয়ে তোলা। প্রচলিত ধারার মতো আরবি থেকে বাংলা কিংবা বাংলা থেকে আরবি করার পেছনে আমি সময় ব্যয় করিনি বা এগুলো আমি এই কিতাবে রাখিনি; বরং আমার মূল লক্ষ্য ছিল প্রতিটি অধ্যায়ের তাত্ত্বিক ও ব্যাকরণগত বুনিয়াদ স্পষ্ট করা। এবং প্রত্যেকটার তারকিব কি হবে তা উল্লেখ করা।

আমি আশাবাদি কেউ যদি এই কিতাবটি ভালোভাবে আয়ত্ব করে তাহলে তার জন্য তারকিব বুঝার পথটা অনেকটা সুগম হয়ে যাবে। ইনশাআল্লাহ!

বইটির বৈশিষ্ট্য ও আমার কর্মপ্রয়াস:

শিক্ষার্থীদের এই পথচলাকে সহজ ও ফলপ্রসূ করার প্রয়াসেই মূলত 'মুলাহিযাতু রাওদাতুল আদব' (ملاحظة روضة الأدب) কিতাবটি সংকলন করা হয়েছে। মূল কিতাবের আলোকেই এটি সাজানো হয়েছে, তবে শিক্ষার্থীদের সুবিধার্থে এখানে আমি নিজস্ব কিছু জরুরি ও গঠনমূলক কাজ যুক্ত করেছি:

- অধ্যায় পরিচিতি: মূল কিতাবের প্রতিটি অধ্যায়ের শুরুতে সেই অধ্যায়ের মূল আলোচ্য বিষয়, তার পরিচয়, প্রেক্ষাপট এবং উদ্দেশ্য অত্যন্ত সহজ ভাষায় ফুটিয়ে তোলা হয়েছে, যাতে শিক্ষার্থী অধ্যায়টি পড়ার আগেই স্পষ্ট ধারণা পায় যে এই অধ্যায়ে পড়ার বিষয়টি কি।
- তারকিব (قواعد التركيب): আরবি সাহিত্যের সঠিক অর্থ ও মর্ম অনুধাবনের জন্য ব্যাকরণগত বিশ্লেষণ বা তারকিব জানা অপরিহার্য। কিতাবের প্রত্যেকটি অধ্যায়ের গুরুত্বপূর্ণ বাক্যগুলোর সহজ ও সাবলীল তারকিব উল্লেখ করা হয়েছে।
- অনুশীলনীর সমাধান: শিক্ষার্থীদের আত্মমূল্যায়ন ও অনুশীলনের সুবিধার্থে প্রতিটি পাঠের শেষে থাকা প্রশ্নাবলি ও অনুশীলনীগুলোর (تمرينات) নির্ভুল ও পূর্ণাঙ্গ উত্তর সহজভাবে তৈরি করে দেওয়া হয়েছে।

নিয়ত ও আকুল আবেদন:

এই কিতাবটি লেখার পেছনে পার্থিব কোনো খ্যাতি বা বৈষয়িক লাভের উদ্দেশ্য নেই। মহান আল্লাহর দ্বীনের খেদমত এবং তালিবুল ইলমদের (শিক্ষার্থীদের) উপকারের একনিষ্ঠ নিয়তেই এই পরিশ্রমটুকু করেছি। আমার মনের গভীরের আকুল আশা ও দোয়া-এই ক্ষুদ্র প্রচেষ্টা যেন শিক্ষার্থীদের জন্য আরবি ভাষা শেখার পথকে সুগম করে এবং তাদের দ্বীনি ইলম অর্জনে সহায়ক ভূমিকা পালন করে।

"হে আল্লাহ! আমার এই অতি ক্ষুদ্র ও নগণ্য দ্বীনি খেদমতটুকুকে কবুল ও মঞ্জুর ফরমান। একে আমার পরকালের নাজাতের অসিলা এবং সদকায়ে জারিয়া হিসেবে কবুল করুন। আমিন।"

মানুষ ভুলের ঊর্ধ্বে নয়। তাই অনিচ্ছাকৃত কোনো ভুলত্রুটি সুধী পাঠক বা গুণী ওস্তাদদের চোখে পড়লে তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার এবং সংশোধনের জন্য পরামর্শ দেওয়ার অনুরোধ রইল। আল্লাহ তাআলা আমাদের সকলের ইলম ও আমলে বরকত দান করুন।

বিনীত,

مولانا مصدق بن جمشيد

শিক্ষক, ইকরা মাদ্রাসা
দোহার, ঢাকা
(ফাযেল: আল-জামেয়াতুল ইসলামিয়া কাসেমুল উলূম জামিল মাদ্রাসা, বগুড়া)

মুকাদ্দামা

علم الادب: এর সজ্ঞা: ادب শব্দের অর্থ হলো দাওয়াত, ডাকা, আহবান করা, ভদ্রতা ইত্যাদি।

পারিভাষিক অর্থ: ইলমুল আদব বলা হয় ওই ইলমকে যার প্রতি লক্ষ্য রাখলে কোন ভাষা লেখা ও বলার ক্ষেত্রে যাবতীয় ভুল-ত্রুটি থেকে নিরাপদ থাকা যায়।

উদ্দেশ্য: ইলমুলের আদবের উদ্দেশ্য হলো মনের ভাব অন্যের নিকট অতি উত্তমরূপে ব্যক্ত করা।

আলোচ্য বিষয়: কারো কারো মতে ইলমুল আদাবের আলোচ্য বিষয় হলো গদ্য। আবার কারো কারো মতে পদ্য।

নামকরণের কারণ: একে আদব বলা হয় এজন্য যে, এই বিদ্যা মানুষকে ভালো কাজের দিকে আহ্বান করে এবং মন্দ কাজ থেকে বিরত রাখে। এছাড়াও শব্দ বা লেখার ভুলের কারণে ভায়ায় যে ত্রুটি ও বিকৃতি সৃষ্টি হয় যা প্রবাদ বা প্রচলিত ব্যবহারের মাধ্যমে ঘটে এই বিদ্যার মাধ্যমে সেগুলোর সংশোধন ও সংরক্ষণ করা হয়। অথবা বলা হয়, এই বিদ্যা মানুষকে সভ্য ও ভদ্র করে তোলে এবং অশোভন ও অশালীন কথা ও কাজ থেকে বিরত রাখে। এই কারণেই এর নাম রাখা হয়েছে ইলমুল আদব।

কিতাবের নাম: এই কিতাবের নাম হলো (روضة الادب) রওযাতুল আদব। روضة শব্দের অর্থ হলো বাগান আর الادب শব্দের অর্থ হলো সাহিত্য। অতএব পূর্ণ অর্থ হলো সাহিত্যের বাগান। কিন্তু এই কিতাবের পূর্ণ নাম হলো روضة الادب في تسهيل كلام العرب এর অর্থ হলো, আরবদের ভাষাকে সহজভাবে শেখানোর জন্য আদবের এক মনোরম বাগান।

লেখকের নাম: এই কিতাবের লেখকের নাম হলো মুসতাক আহমেদ চরথাওয়ালী।

সবক:১

ضمير مرفوع متصل

ضمير: বা সর্বনাম বলা হয় যা ইসমে যাহের বা প্রকাশ্য নামের পরিবর্তে ব্যাবহার হয়ে غائب،حاضر،متكلم বুঝায়। যেমন: কেউ বলল রাশেদ প্রতিদিন ফযরের নামাযের সময় ঘুম থেকে উঠে। অতঃপর সে অযু করে নামায পড়ে। এখানে লক্ষ করুন, প্রথমবার সরাসরি রাশেদের নাম নেওয়া হয়েছে। কিন্তু পরের-বার নাম উল্যেখ না করে তার পরিবর্তে “সে” উল্যেখ করা হয়েছে । এই “সে” টাই হলো যমির বা সর্বনাম। (আমরা ইংরেজিতে যাকে বলি pronoun,) এই যমির মোট ৫ প্রকার। যথা:

(১) ضمير مرفوع متصل : বলা হয় فاعل (subject) এর ওই যমির কে যা فعل (verb) এর সাথে মিলিত হয়ে আসে। এবং তারকিবে فاعل হয়। যেমন ضربتُ এর মধ্যে ت হলো যমিরে মারফুয়ে মুত্তাসিল যা ضرب ফেলের সাথে মিলিত হয়ে এসেছে।



বি.দ্র. (১) জেনে রাখা উচিত, যে বাক্য فعل দিয়ে শুরু হয় সেই বাক্য কে جملة فعلية خبرية বলা হয়।

(২) আমরা জানি যে ফেয়েলের ১৪ টি ছিগাহ। জেনে রাখা উচিত যে, এই ১৪ টি ছিগার মধ্য হতে শুধু মাত্র واحد مذكر غائب এর ছিগাটিই মূল ছিগাহ। এছাড়া বাকি ১৩ টি ছিগার শেষে যে অতিরিক্ত হরফগুলো থাকে তা মূলত فاعل এর আলামত। অর্থাৎ কর্তা (কাজ সম্পাদন কারী) ভেদে তা মূল ছিগার সাথে তার শেষে যোগ করা হয়েছে, যাতে এর মাধ্যমে সহজেই فاعل বা কর্তা চেনা যায়। নিম্নে ফায়েলের আলামত গুলো উল্লেখ করা হলো।

এর দৃশ্যমান কোন আলামত নেই বরং এর ভিতরে গোপন থাকা যমির هو হলো তার ফায়েল।	هُوَ	ضَرَبَ
এখানে ফায়েল হলো শুধু মাত্র আলিফ।	ا	ضَرَبَا
এখানে ফায়েল হলো শুধু মাত্র ওয়াও। আর তার পরবর্তী আলিফ শুধু মাত্র লেখার নিয়মের কারনে এসেছে।	و	ضَرَبُوْا
এর দৃশ্যমান কোন আলামত নেই বরং এর ভিতরে তার ফায়েল هي যমির গোপন আছে। আর সাকিন যুক্ত ت হলো মুয়ান্নাসের আলামত।	هِيَ	ضَرَبَتْ
এখানেও আলিফ হলো ফায়েল। আর ت হলো মুয়ান্নাসের আলামত।	ا	ضَرَبَتَا
এখানে যবর যুক্ত নূন বা নুনুন নেসওয়াহ হলো যমির বা ফায়েল।	نَ	ضَرَبْنَ
এখানে تَ হলো যমির বা ফায়েল।	تَ	ضَرَبْتَ
এখানে تما হলো যমির বা ফায়েল।	تُمَا	ضَرَبْتُمَا
এখানে تم হলো যমির বা ফায়েল।	تُمْ	ضَرَبْتُمْ
এখানে تِ হলো যমির বা ফায়েল।	تِ	ضَرَبْتِ
এখানে تما হলো যমির বা ফায়েল।	تُمَا	ضَرَبْتُمَا
এখানে تُنَّ হলো যমির বা ফায়েল।	تُنَّ	ضَرَبْتُنَّ
এখানে تُ হলো যমির বা ফায়েল।	تُ	ضَرَبْتُ
এখানে نَا হলো যমির বা ফায়েল।	نَا	ضَرَبْنَا

উপরে উল্লেখিত ضَرَبَ এর পরে অতিরিক্ত যেই শব্দগুলো যুক্ত হয়েছে এগুলোর পরিচয় বা নাম হলো যমিরে মারফুয়ে মুত্তাসিল। আর তারকিব করার সময় এগুলোকে বলতে হবে فاعل।

নিম্নে فعل مضارع এর ছিগাগুলোকেও যমিরে মারফুয়ে মুত্তাসিল বা ফায়েল সহ উল্লেখ করা হলো। যথা:-

এই ছিগার প্রকাশ্য কোন আলামত নাই। বরং هو যমির হলো ফায়েল যা গোপন আছে।	هو	يَضْرِبُ
এখানে আলিফ হলো ফায়েল, আর ن হলো নুনে এ'রাবী।	ا	يَضْرِبَانِ
এখানে ওয়াও হলো ফায়েল, আর ن হলো নুনে এ'রাবী।	و	يَضْرِبُوْنَ
এই ছিগার প্রকাশ্য কোন আলামত নাই। বরং هي যমির হলো ফায়েল যা গোপন আছে।	هي	تَضْرِبُ
এখানে আলিফ হলো ফায়েল, আর ن হলো নুনে এ'রাবী।	ا	تَضْرِبَانِ
এখানে নূন হলো ফায়েল। যাকে نون النسوة বলা হয়।	ن	يَضْرِبْنَ
এই ছিগার প্রকাশ্য কোন আলামত নাই। বরং اَنْتَ যমির হলো ফায়েল যা গোপন আছে।	اَنْتَ	تَضْرِبُ
এখানে আলিফ হলো ফায়েল, আর ن হলো নুনে এ'রাবী।	ا	تَضْرِبَانِ
এখানে ওয়াও হলো ফায়েল, আর ن হলো নুনে এ'রাবী।	و	تَضْرِبُوْنَ
এখানে ইয়া হলো ফায়েল, আর ن হলো নুনে এ'রাবী।	ي	تَضْرِبِيْنَ
এখানে আলিফ হলো ফায়েল, আর ن হলো নুনে এ'রাবী।	ا	تَضْرِبَانِ
এখানে নূন হলো ফায়েল। যাকে نون النسوة বলা হয়।	ن	تَضْرِبْنَ
এই ছিগার প্রকাশ্য কোন আলামত নাই। বরং انا যমির হলো ফায়েল যা গোপন আছে।	انا	أَضْرِبُ
এই ছিগার প্রকাশ্য কোন আলামত নাই। বরং نَحْنُ যমির হলো ফায়েল যা গোপন আছে।	نَحْنُ	نَضْرِبُ

আমরা ইতিপূর্বেও বলেছি কেবল মাত্র واحد مذكر غائب এর ماضي مطلق এর ছিগাটাই হলো মূল ছিগাহ। আর বাকি অতিরিক্ত হরফ যদি এই মূল ছিগার শুরুতে যুক্ত হয় তাহলে তা বাহাসের আলামত, আর যদি শেষে যুক্ত হয় তাহলে তা ফায়েলের আলামত যেগুলোকে যমিরে মারফুয়ে মুত্তাছিল বলা হয়। সেই হিসেবে মুজারের ছিগার শুরুতে যেই ا-ي-ن-ت যুক্ত হয়েছে তা হলো بحث اثبات فعل مضارع معروف এর আলামত। আর শেষে দিয়ে যেগুলো হয়েছে তা হলো যমিরে মারফুয়ে মুত্তাসিল, তবে তারকিবের সময় এগুলোকে فاعل বলতে হবে। যেমন তারকিব এমন হবে:-





সবক:২

ضمير مرفوع منفصل

(২) ضمير مرفوع منفصل : বলা হয় فاعل এর ওই যমির কে যা فعل এর সাথে মিলিত হয়ে আসে না। বরং তা فعل থেকে পৃথক হয়ে ব্যবহৃত হয়। এবং তারকিবে মুব'তাদা অথবা খবর হয়। যদি বাক্যের শুরুতে আসে তাহলে মুব'তাদা হবে, আর যদি বাক্যের মাঝে বা শেষে আসে তাহলে খবর হবে। আর এমন যমির হলো ১৪ টি। যথা:

اَنَا- نَحْنُ- اَنْتَ- اَنْتُمَا- اَنْتُمْ- اَنْتِ- اَنْتُمَا- اَنْتُنَّ- هُوَ- هُمَا- هُمْ- هِيَ- هُمَا- هُنَّ

আমি (একজন পুরুষ/মহিলা)	واحد متكلم	اَنَا
আমরা (সকল পুরুষ/মহিলা)	جمع متكلم	نَحْنُ
তুমি (একজন পুরুষ)	واحد مذكر حاضر	اَنْتَ
তোমরা (দুইজন পুরুষ)	تثنية مذكر حاضر	اَنْتُمَا
তোমরা (সকল পুরুষ)	جمع مذكر حاضر	اَنْتُمْ
তুমি (একজন মহিলা)	واحد مذكر حاضر	اَنْتِ
তোমরা (দুইজন মহিলা)	تثنية مذكر حاضر	اَنْتُمَا
তোমরা (সকল মহিলা)	جمع مذكر حاضر	اَنْتُنَّ
সে (একজন পুরুষ)	واحد مذكر غائب	هُوَ
তারা (দুইজন পুরুষ)	تثنية مذكر غائب	هُمَا
তারা (সকল পুরুষ)	جمع مذكر غائب	هُمْ
সে (একজন মহিলা)	واحد مذكر غائب	هِيَ
তারা (দুইজন মহিলা)	تثنية مذكر غائب	هُمَا
তারা (সকল মহিলা)	جمع مذكر غائب	هُنَّ

এর তারকিব এমন হবে:



বি. দ্র. (১) যে বাক্যের শুরু হয় ইসিম দিয়ে সেই বাক্য কে جملة اسمية خبرية বলা হয়।
(২) জেনে রাখা উচিত যে মুবতাদা ও খবরের ক্ষেত্রে সাধারণত দুটি বিষয়ে সামঞ্জস্য বা মিল থাকা জরুরি। (তবে মনে রাখতে হবে এই নিয়ম মূলত তখনই প্রযোজ্য হবে যখন খবরটি কোন اسم مشتاق বা صفت হবে)।

(ক) প্রথম মিল হলো লিঙ্গগত মিল (التذكير و التانيث)। অর্থাৎ মুবতাদা যদি مذكر হয় তবে খবরটিও مذكر হতে হবে। আর যদি মুবতাদা مؤنث হয় তবে খরটিও مؤنث হতে হবে। যেমন: الولد صالح، البنت صالحة। লক্ষ করুন, এখানে الولد শব্দটা مذكر তাই الولد শব্দটিও مذكر আনা হয়েছে। আবার البنت শব্দটা مؤنث তাই صالحة শব্দটিও مؤنث আনা হয়েছে।

(খ) দৃতীয় হলো সংখ্যাগত মিল (الافراد و التثنية و الجمع)। অর্থাৎ বচন বা সংখ্যার ক্ষেত্রেও মুবতাদা ও খবরের মাঝে পূর্ণ মিল থাকতে হবে। মুবতাদা একবচন হলে খবরটিও একবচন হবে, আবার মুবতাদা দ্বিবচন হলে খবরটিও দ্বিবচন হবে, আবার মুবতাদা বহুবচন হলে খবরটিও বহুবচন হবে। যেমন: أنا مسلم، أنتما سامعان، أنتم مسلمون। এখানে লক্ষ করুন, أنا শব্দটি مفرد আর তাই مسلم শব্দটাও مفرد আনা হয়েছে, أنتما শব্দটি تثنية আর তাই سامعان শব্দটাও تثنية আনা হয়েছে, أنتم শব্দটি جمع আর তাই مسلمون শব্দটাও جمع আনা হয়েছে।

তবে কিছু ক্ষেত্রে এর ভিন্নতাও রয়েছে, অর্থাৎ অনেক সময় মুবতাদা ও খবরের মাঝে মিল হয় না। তা হলো:–
(ক) মুবতাদা যদি অপার্থিব বা জড়বস্তুর বহুবচন (جمع لغير العاقل) হয় তাহলে মুবতাদা ও খবরের মাঝে মিল থাকে না। আরবী ভাষার নিয়ম অনুযায়ী মানবজাতী ছাড়া অন্য সব কিছুর বহুবচনকে مفرد مؤنث হিসাবে গণ্য করা হয়। অতএব مبتدأ কোন বহুবচন শব্দ হলে তার খবরটা واحد مؤنث হবে। যেমন: الكُتُبُ مُفِيْدَةٌ (বইগুলো উপকারী) এখানে الكُتُبُ বহুবচন হলেও তার খবর مُفِيْدَةٌ কে একবচন আনা হয়েছে।
(খ) খবরটি যদি اسم جامد হয় তাহলেও মুবতাদা ও খবরের মাঝে মিল থাকে না। অর্থাৎ খবরটি যদি কোন গুনবাচক শব্দ না হয়ে নির্দিষ্ট কোন সত্তার নাম বা জড় বস্তু

বুঝায় তবে লিঙ্গ বা বচনের ক্ষেত্রে মিল থাকা জরুরি নয়। যেমন: المرأةُ انسانٌ (নারী একজন মানুষ)।এখানে المرأةُ শব্দটি নির্দিষ্ট একটি নারী সত্তা বুঝায়, একক কোন নারী নয় । আর তাই তার খবরটি মুবতাদার সাথে কোন মিল নাই। অর্থাৎ বচন ও লিঙ্গের ক্ষেত্রে মিল নেই।

(গ) খবরটি যদি شبه الجملة হয় তাহলেও মুবতাদা ও খবরের মাঝে মিল থাকে না। অর্থাৎ খবরটি যদি جر-مجرور বা ظرف زمان\ظرف مكان হয়, তাহলে লিঙ্গ কিংবা বচনের কোন পরিবর্তনের সুযোগ থাকে না। যেমন: الرجل في الدار হোক বা المرأة في الدار হোক। উভয়টিই সঠিক। এখানে কোনটিই ভুল নয়।

সবক:৩

ضمير مجرور متصل

(৩) ضمير مجرور متصل : বলা হয় ওই যমিরকে যা হরফে যর অথবা মুযাফের সাথে মিলিত হয়ে আসে। এবং তারকিবে মাযরুর অথবা মুযাফ ইলাই হয়। অর্থাৎ হরফে যরের পরে যে জমিরটা মিলিত হয়ে আসে তাকে যমিরে মাজরুরের মুত্তাসিল বলে, এমনিভাবে ইসিমের সাথে যেই জমিরটা মিলিত হয়ে আসে তাকেউ যমিরে মাজরুরে মুত্তাসিল বলে। এমন জমির হলো ১৪ টি। যথা:-

يْ-نَا-كَ-كُمَا-كُمْ-كِ-كُمَا-كُنَّ-هُ-هُمَا-هُمْ-هَا-هُمَا-هُنَّ

তোমাদের	جمع مؤنث حاضر	كُنَّ	আমার	واحد متكلم	ي
তার	واحد مذكر غائب	هُ	আমাদের	جمع متكلم	نا
তাদের	تثنية مذكر غائب	هُمَا	তোমার	واحد مذكر حاضر	كَ
তাদের	جمع مذكر غائب	هُمْ	তোমাদের	تثنية مذكر حاضر	كُمَا
তার	واحد مؤنث غائب	هَا	তোমাদের	جمع مذكر حاضر	كُمْ
তাদের	تثنية مؤنث غائب	هُمَا	তোমার	واحد مؤنث حاضر	كِ
তাদের	جمع مؤنث غائب	هُمْ	তোমাদের	تثنية مؤنث حاضر	كُمَا

যদি যমিরে মাজরুরের মুত্তাসিল হরফে যরের সাথে মিলিত হয়ে আসে তাহলে তা মাযরুর হয়। অর্থাৎ তারকিব করার সময় হরফে জর কে হরফে জরি বলা হয়, আর যমিরে মাজরুরে মুত্তাসিল কে মাজরুর বলা হয়। আর যর-মাযরুর মিলে (متعلق) মুতাআল্লাক হয় (فعل) ফে'ল অথবা (شبه الفعل) শিবহুল ফে'লের সাথে যদি তা বাক্যে উল্যেখ থাকে। আর যদি বাক্যে উল্লেখ না থাকে তাহলে ফে'ল অথবা শিবহে ফে'ল মেনে তারকিব করতে হবে। যেমন:



বি.দ্র. হরফে জর মোট ১৭ টি।

بِ-تَ-كَ-لِ-وَ-مُنْذُ-مُذْ-خَلَا-رُبَّ-حَاشَا-مِنْ-عَدَا-فِيْ-عَنْ-عَلي-حَتّي-إلي

কবিতা আকারে বলা হয়:

با و تا و كاف و لام و واو و منذ مذ خلا

رب حاشا من عدا في عن علي حتي الي

এই ১৭ টি হরফে জরের মধ্য হতে কিতাবে শুধু মাত্র ৭ টি হরফে জর উল্লেখ করা হয়েছে। তা হলো: من،في،الي،عن،علي،ل،ب

এই ৭ টিকে উল্লেখ করার কারণ হলো, এই ৭ টি হরফে জর যমিরে মাজরুরে মুত্তাসিলের সাথে অধিক প্রচলিত। বাকি হরফে জরের সাথে সাধারণত ব্যবহার হয় না। নিম্নে এই ৭ টি হরফে জর দিয়ে যমিরগুলোকে অর্থসহ উল্লেখ করা হলো:

আমার দিকে	اِلَيَّ	আমার মধ্যে	فِيَّ	আমার থেকে	مِنِّيْ
আমাদের দিকে	اِلَيْنَا	আমাদের মধ্যে	فِيْنَا	আমাদের থেকে	مِنَّا
তোমার দিকে	اِلَيْكَ	তোমার মধ্যে	فِيْكَ	তোমার থেকে	مِنْكَ
তোমাদের দিকে	اِلَيْكُمَا	তোমাদের মধ্যে	فِيْكُمَا	তোমাদের থেকে	مِنْكُمَا
তোমাদের দিকে	اِلَيْكُمْ	তোমাদের মধ্যে	فِيْكُمْ	তোমাদের থেকে	مِنْكُمْ
তোমার দিকে	اِلَيْكِ	তোমার মধ্যে	فِيْكِ	তোমার থেকে	مِنْكِ
তোমাদের দিকে	اِلَيْكُمَا	তোমাদের মধ্যে	فِيْكُمَا	তোমাদের থেকে	مِنْكُمَا
তোমাদের দিকে	اِلَيْكُنَّ	তোমাদের মধ্যে	فِيْكُنَّ	তোমাদের থেকে	مِنْكُنَّ
তার দিকে	اِلَيْهِ	তার মধ্যে	فِيْهِ	তার থেকে	مِنْهُ
তাদের দিকে	اِلَيْهِمَا	তাদের মধ্যে	فِيْهِمَا	তাদের থেকে	مِنْهُمَا
তাদের দিকে	اِلَيْهِمْ	তাদের মধ্যে	فِيْهِمْ	তাদের থেকে	مِنْهُمْ
তার দিকে	اِلَيْهَا	তার মধ্যে	فِيْهَا	তার থেকে	مِنْهَا
তাদের দিকে	اِلَيْهِمَا	তাদের মধ্যে	فِيْهِمَا	তাদের থেকে	مِنْهُمَا
তাদের দিকে	اِلَيْهِنَّ	তাদের মধ্যে	فِيْهِنَّ	তাদের থেকে	مِنْهُنَّ

আমার জন্য	لِيْ	আমার উপর	عَلَيَّ	আমার হতে	عَنِّيْ
আমাদের জন্য	لَنَا	আমাদের উপর	عَلَيْنَا	আমাদের হতে	عَنَّا
তোমার জন্য	لَكَ	তোমার উপর	عَلَيْكَ	তোমার হতে	عَنْكَ
তোমাদের জন্য	لَكُمَا	তোমাদের উপর	عَلَيْكُمَا	তোমাদের হতে	عَنْكُمَا
তোমাদের জন্য	لَكُمْ	তোমাদের উপর	عَلَيْكُمْ	তোমাদের হতে	عَنْكُمْ
তোমার জন্য	لَكِ	তোমার উপর	عَلَيْكِ	তোমার হতে	عَنْكِ
তোমাদের জন্য	لَكُمَا	তোমাদের উপর	عَلَيْكُمَا	তোমাদের হতে	عَنْكُمَا
তোমাদের জন্য	لَكُمْ	তোমাদের উপর	عَلَيْكُنَّ	তোমাদের হতে	عَنْكُنَّ
তার জন্য	لَهُ	তার উপর	عَلَيْهِ	তার হতে	عَنْهُ
তাদের জন্য	لَهُمَا	তাদের উপর	عَلَيْهِمَا	তাদের হতে	عَنْهُمَا
তাদের জন্য	لَهُمْ	তাদের উপর	عَلَيْهِمْ	তাদের হতে	عَنْهُمْ
তার জন্য	لَهَا	তার উপর	عَلَيْهَا	তার হতে	عَنْهَا
তাদের জন্য	لَهُمَا	তাদের উপর	عَلَيْهِمَا	তাদের হতে	عَنْهُمَا
তাদের জন্য	لَهُنَّ	তাদের উপর	عَلَيْهِنَّ	তাদের হতে	عَنْهُنَّ

তাদের সাথে	بِهِمْ	তোমার সাথে	بِكِ	আমার সাথে	بِيَّ
তার সাথে	بِهَا	তোমাদের সাথে	بِكُمَا	আমাদের সাথে	بِنَا
তাদের সাথে	بِهِمَا	তোমাদের সাথে	بِكُنَّ	তোমার সাথে	بِكَ
তাদের সাথে	بِهِنَّ	তার সাথে	بِهِ	তোমাদের সাথে	بِكُمَا
		তাদের সাথে	بِهِمَا	তোমাদের সাথে	بِكُمْ

সবক:৪

আর যদি জমিরে মাজরুরে মুত্তাসিল اسم এর সাথে মিলিত হয়ে আসে তাহলে জমিরে মাজরুরে মুত্তাসিল তারকিবে مضاف اليه হবে, আর اسم টি مضاف হবে। আর মুযাফ ও মুযাফ ইলাই মিলে (مركب إضافي) মুরাক্কাবে ইযাফি হয়। আর মুরাক্কাবে ইযাফি সবসময় বাক্যের অংশ হয়, পরিপূর্ন বাক্য হয় না।

তারকিব

বি.দ্র. এখানে دار শব্দটি একটি ইসম। এর সাথে বা যেকোনো ইসিমের সাথে যদি কোন ضمير মিলে আসে তাহলে বুঝতে হবে এটাও ضمير مجرور متصل । আর তারকিব করার সময় সেই প্রথমে আসা ইসিমটিই হবে مضاف আর তার সাথে আসা জমিরটি হবে مضاف اليه । তবে মনে রাখতে হবে مركب إضافي সবসময় বাক্যের অংশ হয়, পরিপূর্ন বাক্য হয় না। তাহলে এটা পূর্ণ বাক্য কখন হবে? যখন এই مركب إضافي এর আগে বা পরে অন্য কোন ইসিম বা ফেয়েল থাকবে। যেমন:-



বি.দ্র. ফায়েদা-(১): এখানে আমরা লক্ষ্য করলে দেখতে পায় مضاف الیه ও مضاف এর পূর্বে একটা هو অর্থাৎ ضمير مرفوع متصل এসেছে। আর আমরা ইতিপূর্বেই ২ নং সবকের মধ্যে জেনেছি যে ضمير مرفوع متصل যদি বাক্যের শুরুতে আসে তাহলে তা তারকিবে مبتدأ হয়। আর সেই নিয়ম অনুযায়ী এখানেও هو টা مبتدأ হবে। এবং ابونا মুজাফ ও মুজাফ ইলাইহি মিলে خبر হবে।

ফায়েদা-(২): مضاف الیه ও مضاف যদি বাক্যের শুরুতে আসে তাহলে مركب اضافي হয়ে مبتدأ হবে। আর যদি বাক্যের শুরুতে না এসে ইসিম এর পরে আসে তাহলে مركب اضافي হয়ে خبر হবে। আর যদি فعل এর পরে আসে তাহলে فاعل অথবা নائب فاعل অথবা مفعول به، مفعول مطلق، مفعول فيه،حال،مجرور،معطوف عليه হতে পারে। আমরা বুঝার জন্য নিম্নে প্রত্যেকটির একটি করে উদাহরণ উল্ল্যেখ করবো। ইনশাআল্লাহ!









(৫)


قرأتُ كتابه
فعل
فاعل
مضاف
مضاف اليه
مفعول به
جملة فعلية خبرية

(৬)


ضربتُه ضرب الامير
فعل
فاعل
مفعول به
مضاف
مضاف اليه
مفعول مطلق
جملة فعلية خبرية

(৭)


جلستُ امامكَ
فعل
فاعل
مضاف
مضاف اليه
مفعول فيه
جملة فعلية خبرية

(৮)


جاء زيدٌ راكبَ الفرس
فعل
ذو الحال
مضاف
مضاف اليه
حال
فاعل
جملة فعلية خبرية

(৯)


خرجتُ من دارنا
فعل
فاعل
حرف الجر
مضاف
مضاف اليه
مجرور
متعلق
جملة فعلية خبرية

(১০) بنتُكَ جالسةٌ و بنتُهَا نائمةٌ



সবক:৫

ضمير منصوب متصل

(৪) ضمير منصوب متصل : বলা হয় (مفعول) মাফউল এর ওই (ضمير) যমির কে যা ফে'লের সাথে মিলে আসে। এবং তারকিবে (مفعول به) মাফউলে বিহি হয়। এমন যমির হলো ১৪ টি। যথা:-

نِيْ، نَا، كَ، كُمَا، كُمْ، كِ، كُمَا، كُنَّ، هُ، هُمَا، هُمْ، هَا، هُمَا، هُنَّ

نِيْ	আমাকে	كِ	তোমাকে	هُمْ	তাদেরকে
نَا	আমাদেরকে	كُمَا	তোমাদেরকে	هَا	তাকে
كَ	তোমাকে	كُنَّ	তোমাদেরকে	هُمَا	তাদেরকে
كُمَا	তোমাদেরকে	هُ	তাকে	هُنَّ	তাদেরকে
كُمْ	তোমাদেরকে	هُمَا	তাদেরকে		

তারকিব





বি.দ্র. (১) মাফউলে বিহি বলা হয় যার উপর فاعل এর فعل পতিত হয়।

(২) মনে রাখতে হবে ضمير منصوب متصل টা ضمير مرفوع متصل এর পরে থাকবে। সহজভাবে বলতে গেলে আমরা যে সিগাগুলো মিজানের মধ্যে পড়েছি প্রত্যেকটি সিগার সাথেই যমিরে মারফুয়ে মুত্তাসিল যুক্ত থাকে যেমনটি আমরা ১ নং সবকের মধ্যে পড়েছি। এখন যদি কোথাও দেখা যায় যে ওই যমিরগুলোর পরেও অন্য আলাদা কোন যমির সেই যমিরগুলোর সাথে মিলে এসেছে, সেই যমির গুলোকেই ضمير منصوب متصل বলা হয়। যেগুলোকে তারকিবে مفعول به বলা হয়।

যেমন: ضربتُهُ এখানে লক্ষ্য করুন, আমরা আগেই পড়েছি যে ضرب হলো মূল ফেয়েল। আর تُ হলো ضمير مرفوع متصل যা ফায়েল হয়েছে। এরপরে লক্ষ্য করুন, এখানে ضربتُ এর পরে একটা هُ যুক্ত হয়েছে এটাই হলো ضمير منصوب متصل যা তারকিবে مفعول به হয়েছে।

সবক:৬

এই সবকের মধ্যে নতুন কোন পড়া নেই। এটা ৫ নং সবকের অনুশীলন। তবে এখানে কিছু পাথ্যর্ক রয়েছে যা বুঝার জন্য আমরা প্রথমে তারকিব করবো, এরপর আমরা দেখবো যে কি পাথ্যর্ক রয়েছে।

(১)


(২)


বি.দ্র. (১) উপরে একটু ভালো করে খেয়াল করলেই আমরা বুঝতে পারবো! ইতিপূর্বে আমরা যতগুলো فعل পরেছি সবগুলো فعل এর فاعل ছিলো ضمير مرفوع متصل। কিন্তু এখানে ضمير টা فاعل হয়নি বরং সরাসরি اسم ظاهر বা প্রকাশ্য ইসম فاعل হয়েছে। আর তা হলো خالد\السلطان শব্দটি। যদি خالد\السلطان উল্লেখ না থাকতো তাহলে قتل\اخرج এর মধ্যে فاعل হতো هو গোপন যমিরটি।

(২) فاعل যদি ضمير না হয়ে اسم ظاهر হয় তাহলে তা সবসময় رفع হবে।

(৩) যেই اسم ظاهر টা فاعل হবে তার শুরুতে যদি ال না হয় তাহলে رفع হিসাবে তার উপর দুই পেশ হবে। যেমন: قتله خالدٌ এর মধ্যে دال এর উপর দুই পেশ হয়েছে। পক্ষান্তরে যদি اسم ظاهر এর শুরুতে ال হয় তাহলে رفع হিসাবে তার উপর দুই পেশের পরিবর্তে শুধু এক পেশ হবে। যেমন: أخرجهم السلطانُ এখানে দেখেন السلطانُ ইসমটি فاعل কিন্তু দুই পেশ না হয়ে এক পেশ হয়েছে। এর কারণ হলো ال তানভীনকে কবুল করে না। অর্থাৎ যেই শব্দের শুরুতে ال থাকে সেই শব্দের শেষে কখনই তানভীন হয় না। যেমন: كِتَابٌ হবে الكِتَابٌ হবে না, বরং الكتابُ হবে।

সবক:৭

ضمير منصوب منفصل

(৫) ضمير منصوب منفصل : বলা হয় (مفعول) মাফউল বা কৃত এর ওই (ضمير) যমির কে যা, ফে'লের সাথে মিলিত হয়ে আসে না। এবং তারকিবে (مفعول به مقدَّم)

মাফউলে বিহি মুকাদ্দাম হয়। তবে যমিরে মানসুবে মুনফাসিল সবসময় ফে'লের পূর্বে আসে কখনই ফে'লের পরে আসে না। এবং অর্থের মধ্যে تخصيص (সীমাবদ্ধতা বা কেবল তাকেই বোঝানো) এর অর্থ নিয়ে আসে। যেমন: إياك نعبد - (আমরা তোমারই ইবাদাত করি) । পক্ষান্তরে যদি এভাবে না এসে নعبدك এভাবে আসতো, তাহলে এর অর্থ হতো: (আমরা তোমার ইবাদাত করি)। ضمير منصوب منفصل মোট ১৪ টি। যথা:-

আমিই (একজন পুরুষ/মহিলা)	واحد متكلم	اِيَّايَ
আমরাই (সকল পুরুষ/মহিলা)	جمع متكلم	اِيَّانَا
তুমিই (একজন পুরুষ)	واحد مذكر حاضر	اِيَّاكَ
তোমরাই (দুইজন পুরুষ)	تثنية مذكر حاضر	اِيَّاكُمَا
তোমরাই (সকল পুরুষ)	جمع مذكر حاضر	اِيَّاكُمْ
তুমিই (একজন মহিলা)	واحد مؤنث حاضر	اِيَّاكِ
তোমরাই (দুইজন মহিলা)	تثنية مؤنث حاضر	اِيَّاكُمَا
তোমরাই (সকল মহিলা)	جمع مؤنث حاضر	اِيَّاكُنَّ
সেই (একজন পুরুষ)	واحد مذكر غائب	اِيَّاهُ
তারাই (দুইজন পুরুষ)	تثنية مذكر غائب	اِيَّاهُمَا
তারাই (সকল পুরুষ)	جمع مذكر غائب	اِيَّاهُمْ
সেই (একজন পুরুষ)	واحد مؤنث غائب	اِيَّاهَا
তারাই (দুইজন পুরুষ)	تثنية مؤنث غائب	اِيَّاهُمَا
তারাই (সকল পুরুষ)	جمع مؤنث غائب	اِيَّاهُنَّ


إيايَ ضرب (هو)
مفعول به مقدم
فعل
فاعل
جملة فعلية خبرية


إياه قتل خالدٌ
مفعول به مقدم
فعل
فاعل
جملة فعلية خبرية


اياك نعبد (انا)
مفعول به مقدم
فعل
فاعل
جملة فعلية خبرية

সবক:৮

ماضي معروف

ماضي معروف: বলা হয় ওই فعل কে যার দ্বারা অতীত কালে কোন কাজ করা হওয়া বুঝায় এবং তার فاعل বা কর্তা জানা থাকে। যেমন: جاء সে এসেছে।

ماضي معروف গঠনের নিয়ম: ماضي معروف মূলত গঠিত হয় মাছদার থেকে। প্রথমে মাছদার থেকে তার আলামত ال কে ফেলে দিতে হবে। অতঃপর فاء ও لام কালিমাতে যবর দিতে হবে। এবং عين কালিমাতে তার বাব অনুযায়ী যবর, যের, পেশ দিতে হবে। তাহলেই ماضي معروف গঠিত হয়ে যাবে। যেমন: النصر থেকে نَصَرَ।

তারকিব









বি.দ্র. ১ নং তারকিবের দিকে একটু লক্ষ্য করি। আমরা ইতিপূর্বে পড়েছি ضمير مرفوع متصل যা ফেয়েলের সাথে মিলিত থাকে তা فاعل হয়। আর ২ টি ছিগার ضمير গোপন থাকে তা হলো واحد مذكر غائب ও واحد مؤنث غائب । এখানে আমরা একটা নতুন বিষয় জানবো আর তা হলো শুধু ضمير مرفوع متصل নয় বরং فعل ও فعلتْ এর পরে যদি কোন اسم ظاهر বাক্যে উল্যেখ থাকে তবে সেটিও فاعل হতে পারে। যেমন: جاء رجلٌ এর মধ্যে رجلٌ টা فاعل হয়েছে। তবে মনে রাখতে হবে فعل ও فعلتْ ব্যাতিত অন্য ছিগার পরে اسم ظاهر উল্যেখ থাকলেও তা فاعل হবে। কারণ অন্য **১২** টি ছিগার فاعل একমাত্র ضمير مرفوع متصل হবে।

সবক:৯

ماضي قريب و ماضي بعيد

ماضي قريب: বলা হয় ওই فعل কে যার দ্বারা নিকটবর্তী অতীতকালে কোন কাজ করা বা হওয়া বুঝায়। যেমন: قد ضرب সে মারল।

ماضي قريب গঠনের নিয়ম: ماضي مطلق এর শুরুতে قد বাড়িয়ে দিলেই ماضي قريب গঠিত হয়ে যায়। এবং ماضي এর মধ্যে يقين বা নিশ্চিত বিশ্বাসের অর্থও চলে আসে। যেমন: قد ضرب নিশ্চয় সে মারল। তবে মনে রাখতে হবে এই قد তারকিবের মধ্যে তার কোন আলাদা অবস্থান নেই।



ماضي بعيد: বলা হয় ওই فعل কে যার দ্বারা দূরবর্তী অতিতকালে কোন কাজ করা বা হওয়া বুঝায়। যেমন: كان ضرب সে মেরেছিল।

ماضي بعيد গঠনের নিয়ম: ماضي مطلق এর শুরুতে كان এর গরদান বাড়িয়ে দিলেই ماضي بعيد গঠিত হয়ে যায়। যেমন: كان ضرب । তবে মনে রাখতে হবে এই كان ও তারকিবের মধ্যে তার কোন আলাদা অবস্থান নেই।



সবক:১০

এই সবকে আমরা ৫ প্রকার যমিরগুলোকে উদাহরণ থেকে বের করবো।

أنا ضربتُهُ بالعصا		كانوا طلبُوْنِيْ	
أنا	ضمير مرفوع منفصل	وْ	ضمير مرفوع منفصل
تُ	ضمير مرفوع متصل	نِيْ	ضمير منصوب متصل
هُ	ضمير منصوب متصل		
قد أطْعَمْتَهُمْ		سَأَلَهَا	
تَ	ضمير مرفوع متصل	هو	ضمير مرفوع متصل(مستتر)
هُمْ	ضمير منصوب متصل	هَا	ضمير منصوب متصل

كُنَّا أَخْرَجْنَاكُمْ		قَدْ أَيْقَظَتْنَا	
نَا	ضمير مرفوع متصل	هي	ضمير مرفوع متصل (مستتر)
كُمْ	ضمير منصوب متصل	نَا	ضمير منصوب متصل

كُنَّ أَدْخَلْنَكَ		إِيَّاكُنَّ مَنَعَا	
نَ	ضمير مرفوع متصل	إِيَّاكُنَّ	ضمير منصوب منفصل
كَ	ضمير منصوب متصل	ا	ضمير مرفوع متصل

كُنْتَ أَكْرَمْتَهُمْ		قَدْ أَنْذَرْتُمُوهُمْ	
تَ	ضمير مرفوع متصل	و	ضمير مرفوع متصل
هُمْ	ضمير منصوب متصل	هُمْ	ضمير منصوب متصل

كَانَا طَلَبَاكَ		أَنَا عَلَّمْتُكُمَا	
ا	ضمير مرفوع متصل	أنا	ضمير مرفوع منفصل
كَ	ضمير منصوب متصل	تُ	ضمير مرفوع متصل
		كُمَا	ضمير منصوب متصل

كُنْتُمَا عَرَفْتُمَاهُمْ		إِيَّاهَا أَمَرْنَا	
تُمَا	ضمير مرفوع متصل	إِيَّاهَا	ضمير منصوب منفصل
هُمْ	ضمير منصوب متصل	نَا	ضمير مرفوع متصل

قَدْ أَخْرَجَتَاهُ		إِيَّاهُمْ جَرَّبْنَا	
ا	ضمير مرفوع متصل	إِيَّاهُمْ	ضمير منصوب منفصل
هُ	ضمير منصوب متصل	نَا	ضمير مرفوع متصل

هُمْ أَعَانُوْكُمْ		قَدْ مَنَعَانِيْ	
هُمْ	ضمير مرفوع منفصل	ا	ضمير مرفوع متصل
وْ	ضمير مرفوع متصل	نِيْ	ضمير منصوب متصل
كُمْ	ضمير منصوب متصل		

كَانَتْ سَأَلَتْكُمْ			
هي	ضمير مرفوع متصل (مستتر)		
كُمْ	ضمير منصوب متصل		

সবক:১১

ماضي مجهول

ماضي مجهول: ওই فعل কে বলে যার দ্বারা অতীত কালে কোন কাজ করা বা হওয়া বুঝায়। এবং তার কর্তা জানা থাকে না যেমন: قتل زيدٌ যায়েদকে হত্যা করা হয়েছে। কিন্তু কে হত্যা করেছে তা জানা নাই। তবে صيغة المجهول এর ক্ষেত্রে مفعول به কে فاعل এর স্থানে রেখে তারকিব করতে হবে। তখন مفعول به কে نائب فاعل বলা হবে। অর্থাৎ مفعول به টাই এখন فاعل এর স্থানে থেকে তারকিব হবে।

ماضي مجهول গঠনের নিয়ম: প্রথমে لام كلمة তে যবর দিতে হবে এবং লাম কালিমার পূর্বের হরফে كسرة বা যের না থাকলে যের দিতে হবে। আর অবশিষ্ট সকল হরকত যুক্ত হরফগুলোকে পেশ দিলেই ماضي مجهول واحد غائب এর ছিগাহ্ গঠিত হয়ে যাবে। বাকি ১৩ ছিগার জন্য শেষে শুধুমাত্র ضمير مرفوع متصل যোগ করলেই পূর্ণ ماضي مجهول এর গরদান গঠিত হয়ে যাবে। যেমন:

সে (একজন পুরুষ) নিহত হয়েছে	واحد مذكر غائب	قُتِلَ
তারা (দুইজন পুরুষ) নিহত হয়েছে	تثنية مذكر غائب	قُتِلاَ
তারা (সকল পুরুষ) নিহত হয়েছে	جمع مذكر غائب	قُتِلُوْا
সে (একজন পুরুষ) নিহত হয়েছে	واحد مؤنث غائب	قُتِلَتْ
তারা (দুইজন পুরুষ) নিহত হয়েছে	تثنية مؤنث غائب	قُتِلَتَا
তারা (সকল পুরুষ) নিহত হয়েছে	جمع مؤنث غائب	قُتِلْنَ
তুমি (একজন পুরুষ) নিহত হয়েছ	واحد مذكر حاضر	قُتِلْتَ
তোমরা (দুইজন পুরুষ) নিহত হয়েছ	تثنية مذكر حاضر	قُتِلْتُمَا
তোমরা (সকল পুরুষ) নিহত হয়েছ	جمع مذكر حاضر	قُتِلْتُمْ
তুমি (একজন মহিলা) নিহত হয়েছ	واحد مؤنث حاضر	قُتِلْتِ
তোমরা (দুইজন মহিলা) নিহত হয়েছ	تثنية مؤنث حاضر	قُتِلْتُمَا
তোমরা (সকল মহিলা) নিহত হয়েছ	جمع مؤنث حاضر	قُتِلْتُنَّ
আমি নিহত হয়েছি	واحد متكلم	قُتِلْتُ
আমরা নিহত হয়েছি	جمع متكلم	قُتِلْنَا

তারকিব





সবকঃ ১২

فعل مضارع

فعل مضارع বলা হয় ওই فعل কে যার দ্বারা বর্তমান বা ভবিষ্যতে কোন কাজ করা বা হওয়া বুঝায়। যেমন: يفعل সে করেছে বা করবে।

فعل مضارع এর গঠন প্রণালী: فعل مضارع সাধারণত فعل ماضي থেকে গঠিত হয়। فعل ماضي এর প্রথম হরফ فاء কালিমাতে সাকিন করে فعل مضارع এর আলামত ا،ت،ي،ن এই ৪টি হরফের যে কোন একটি হরফ যুক্ত করে শেষ অক্ষর لام কালিমাতে পেশ দিলেই فعل مضارع গঠিত হয়ে যাবে। যেমন: حَمِدَ থেকে يَحْمَدُ ।
আর ৭ ছিগার শেষে نون إعرابي যুক্ত হবে। সেগুলো হলো: চার تثنية দুই جمع مذكر حاضر و غائب এবং এক واحد مؤنث حاضر।
যেমন: يفعلان،تفعلان،تفعلان،تفعلان،يفعلون،تفعلون،تفعلين । আর جمع مؤنث غائب و حاضر এর নূন যেমন মাঝি এর মধ্যে ছিল ঠিক তেমনি مضارع এর মধ্যেও থাকবে।
যেমন: يفعلْنَ،تفعلْنَ ।

তারকিব









বি.দ্র. فعل ماضي ও فعل مضارع এর তারকিব একই রকম। فعل ماضي এর মতো فعل مضارع এর মধ্যেও ضمير مرفوع متصل ফায়েল হয়। তবে فعل ماضي এর ২ ছিগাতে ضمير গোপন থাকে, আর فعل مضارع এর পাঁচ ছিগাতে যমির গোপন থাকে। আর তা হলো واحد مذكر غائب، واحد مؤنث غائب، واحد مذكر حاضر، واحد متكلم، جمع متكلم। যেমন:

اَنْتَ	واحد مذكر حاضر	تفعل	هو	واحد مذكر غائب	يفعل
اَنَا	واحد متكلم	أفعل	هي	واحد مؤنث غائب	تفعل
			نَحْنُ	جمع متكلم	نفعل

সবকঃ ১৩

ماضي استمراري

ماضي استمراري: বলা হয় ওই فعل কে যার দ্বারা অতীত কালে কোন কাজ ব্যাপক সময় পর্যন্ত করতেছিল বা হচ্ছিল বুঝায় এবং তার فاعل বা কর্তা জানা থাকে, তাকে ماضي استمراري বলে। যেমন: كان يضرب সে মারতো, বা মারতেছিল।

ماضي استمراري **গঠনের নিয়ম:** فعل مضارع **এর গরদানের শুরুতে** كان **এর গরদান বাড়িয়ে দিলেই** ماضي استمراري **গঠিত হয়ে যায়। তবে তারকিবের ক্ষেত্রে** كان **এর বিশেষ কোন স্থান নেই।**

তারকিব



সবকঃ ১৪

ماضي احتمالي: বলে ওই فعل কে যার দ্বারা অতীতকালে কোন কাজ সংঘটিত হওয়ার ব্যাপারে সন্দেহ বুঝায়। যেমন: لعلما ضرب সম্ভবত সে প্রহার করেছে।

ماضي احتمالي গঠনের নিয়ম: ماضي مطلق এর শুরুতে لعلما শব্দটি বাড়িয়ে দিলেই ماضي احتمالي গঠিত হয়ে যায়। আর তারকিবের ক্ষেত্রে এর কোন আলাদা স্থান নাই।

তারকিব



ماضي تمّنائي: ওই فعل কে বলে যার দ্বারা অতীতকালে কোন কাজ করার ব্যাপারে আকাঙ্খা বুঝায়। যেমন: ليتما ضرب যদি সে মারতো।

ماضي تمّنائي গঠনের পদ্ধতি: ماضي مطلق এর শুরুতে ليتما শব্দটি বাড়িয়ে দিলেই ماضي تمّنائي গঠিত হয়ে যায়। আর তারকিবের ক্ষেত্রে এর কোন আলাদা স্থান নেই।

তারকিব



সবকঃ ১৫

এখানে নতুন কোন পড়া নেই। তবে এই অধ্যায়ের মধ্যে তারকিবের ক্ষেত্রে مضاف ও مضاف اليه মিলে مجرور হয় ও مفعول به হয় এটা দেখানো হয়েছে। যা আমরা ইতিপূর্বেই দেখেছি। প্রত্যেকটি তারকিব একই রকম।





সবকঃ ১৬

مضارع بالَنْ

مضارع بالن معروف ওই فعل কে বলে যার দ্বারা ভবিষ্যৎ কালে কোন কাজ করবে না বা হবে না এ ব্যাপারে দৃঢ়তা বুঝায় এবং তার فاعل বা কর্তা জানা থাকে। যেমন- لَنْ يَّفْعَلَ সে কখনো করবে না।

مضارع بالن معروف গঠনের পদ্ধতি : فعل مضارع معروف-এর পূর্বে لن যোগ করলেই مضارع بالنْ معروف গঠিত হয়ে যায়। এবং لنْ আসার কারণে فعل مضارع এর মধ্যে দুই ধরনের পরিবর্তন হয়। এক. শাব্দিক পরিবর্তন, দুই, আর্থিক পরিবর্তন।

এক. শব্দগত ভাবে ৩ টি পরিবর্তন আসে। আর তা হলো:-

(১) لنْ এসে পাঁচটি ছিগার শেষে نَصْب বা যবর দেয়। সেই পাঁচটি সীগাহ হলো:

واحد مذكر غائب (يفعل)، واحد مؤنث غائب (تَفْعَلُ)، واحد مذكر حاضر (تفعَلُ)،

واحد متكلم (أفْعَلُ)، جمع متكلم (نفْعَلُ)

(২) সাতটি ছিগাহ হতে نُون اعرابى-কে বিলুপ্ত করে দেয়। সে সাতটি সীগাহ হল:

চার تثنية **দুই** حاضر و غائب جمع مذكر আর واحد مؤنث حاضر এর এক ছিগাহ। (অর্থাৎ (تفعلان،تفعلان،تفعلان،يفعلان،تفعلون،تفعلين)

(৩) দুই সীগাতে কোন পরিবর্তন করে না। সেই দুইটি ছিগাহ হলো: (১)- جمع مؤنث حاضر(تَفْعَلْنَ)-(২) غائب(يفعلنَ)

দুই. অর্থের দিক থেকে দুইটি পরিবর্তন আসে। আর তা হলো:-

(১) এই لَن হাঁ-বাচক অর্থকে দৃঢ়তাসূচক না-বাচক করে দেয়।

(২) এবং فعل مُضَارِع কে مستقبل (ভবিষ্যৎ কাল)-এর জন্য নির্দিষ্ট করে দেয়। অর্থাৎ, لن আসার পর فعل مضارع এর মধ্যে আর বর্তমান কালের অর্থ থাকে না বরং তা ভবিষ্যৎ কালের জন্য নির্দিষ্ট হয়ে যায়।

مضارع بالنْ مجهول: বলা ওই فعل কে বলে যার দ্বারা ভবিষ্যৎ কালে কোন কাজ করবে না বা হবে না এ ব্যাপারে দৃঢ়তা বুঝায় এবং তার فاعل বা কর্তা জানা থাকে না। যেমন- لَنْ يُفْعَلَ তাকে কখনোই করা হবে না।

এর গঠন পদ্ধতি مضارع بالن معروف এর মতোই। مضارع مجهول এর শুরুতে لن যোগ করলেই مضارع بالنْ مجهول গঠিত হয়ে যাবে। এবং لن আসার কারণে مضارع بالن معروف এর মধ্যে যে পরিবর্তন এসেছে ঠিক একই পরিবর্তন مضارع بالنْ مجهول এর মধ্যেও হবে।

তারকিব





(৩) لن نُشْرِكَ (نحن)بِرِبِّنَا احَدً



(৪) لن تُضْرَبَ (أنْتَ)اليَوْمَ



(৫) لن نجلس(نحن) مع الفساق



সবকঃ ১৭

مضارع بالمْ

مضارع بالمْ ওই فعل কে বলে যার দ্বারা অতীত কালে কোন কাজ করেনি না বা করা হয়নি এ ব্যাপারে দৃঢ়তা বুঝায় এবং তার فاعل বা কর্তা জানা থাকে। যেমন- لمْ يَفْعَلْ সে করেনি।

مضارع بالَمْ معروف গঠনের পদ্ধতি : فعل مضارع معروف-এর পূর্বে لَمْ যোগ করলেই مضارع بالَمْ معروف গঠিত হয়ে যায়। এবং لَمْ আসার কারণে فعل مضارع এর মধ্যে দুই ধরনের পরিবর্তন হয়। এক. শাব্দিক পরিবর্তন, দুই, আর্থিক পরিবর্তন।

এক. শব্দগত ভাবে ৪ টি পরিবর্তন আসে। আর তা হলো:-

(১) لَمْ এসে পাঁচটি ছিগার শেষে جَزَمْ জযম দেয়। সেই পাঁচটি সীগাহ হলো:

واحد مذكر غائب (يفعل)، واحد مؤنث غائب (تَفْعَلْ)، واحد مذكر حاضر (تفعَلْ)، واحد متكلم (أفْعَلْ)، جمع متكلم (نفْعَلْ)

(২) সাতটি ছিগাহ হতে نُون اعرابى -কে বিলুপ্ত করে দেয়। সে সাতটি সীগাহ হলো: চার تثنية দুই جمع مذكر غائب و حاضر আর واحد مؤنث حاضر এর এক ছিগাহ। (অর্থাৎ (تفعلان،تفعلان،تفعلان،يفعلان،يفعلون،تفعلون،تفعلين)

(৩) দুই সীগাতে কোন পরিবর্তন করে না। সেই দুইটি ছিগাহ হলো: (১)- جمع مؤنث غائب(يفعلنَ) (২)- جمع مؤنث حاضر(تَفْعَلْنَ)

(৪) لام কলিমাতে হরফে ইল্লত থাকলে বিলুপ্ত হয়ে যায়।

দুই. অর্থের দিক থেকে একটি পরিবর্তন আসে। আর তা হলো:-

(১) এবং فعل مُضَارِع কে ماضي مَنْفِيْ এর অর্থে পরিবর্তন করে দেয়।

مضارع بالَمْ مجهول: বলা ওই فعل কে বলে যার দ্বারা অতীত কালে কোন কাজ করেনি বা করা হয়নি এ ব্যাপারে দৃঢ়তা বুঝায় এবং তার فاعل বা কর্তা জানা থাকে। যেমন- لَمْ يُفْعَلْ সে কৃত হয় নি।

এর গঠন পদ্ধতি مضارع بالَمْ معروف এর মতোই। مضارع مجهول এর শুরুতে لَمْ যোগ করলেই مضارع بالَمْ مجهول গঠিত হয়ে যাবে। এবং لَمْ আসার কারণে مضارع بالَمْ معروف এর মধ্যে যে পরিবর্তন এসেছে ঠিক একই পরিবর্তন مضارع بالَمْ مجهول এর মধ্যেও হবে।

তারকিব

(১) لم يَنْصُرْنِي اَحَدٌ



(২) لَمْ يَسْمَعُوْا كَلاَمِي



(৩) لَمْ يُوْقِظْنِي أَبِي لِلصَّلاةِ



(৪) لم يَنَامَا قَبْلَ صلاةِ العشَاءِ



সবকঃ ১৮

نون تاكيد

لام تاكيد بانون تاكيد ثقيلة: বলা হয় ওই فعل কে যার দ্বারা ভবিষ্যৎকালে কোন কাজ নিশ্চিতভাবে করা বা হওয়া বুঝায়। যেমন: لَيَفْعَلَنَّ নিশ্চয় সে করবে।

لام تاكيد যবর যুক্ত لام কে বলে। এবং لام تاكيد সর্বদা فتحة বা যবর বিশিষ্ট হয়। আর نون تاكيد দু'প্রকার। যথা:- (১) **نون ثقيلة : نون ثقيلة** নون তাশদীদযুক্ত نون কে বলে। (২) **نون خفيفة : نون خفيفة** সাকিনযুক্ত نون কে বলে। نون ثقيلة ১৪ ছিগাতেই ব্যবহার হয়। কিন্তু نون خفيفة কেবল মাত্র ৮ ছিগার মধ্যে আসে। বাকি ৬ টি ছিগাতে আসে না। সেই ৬ টি ছিগাহ হলো:- فعل مضارع এর যে ৬ টি ছিগার শেষে نون ثقيلة এর পূর্বে আলিফ থাকে। আর তা হলো:- لَيفعلانِّ، لَتفعلانِّ،لَيفعلْنَانِّ، لَتفعلانِّ، لَتفعلانِّ،لَتفعلْنَانِّ।

গঠনপ্রণালি: لام تاكيد بانون تاكيد ثقيلة বানাতে হলে مضارع مثبت এর শুরুতে لام تاكيد ও শেষে نون ثقيلة যোগ করতে হবে। এই لام تاكيد بانون تاكيد ثقيلة আসার কারণে فعل مضارع এর মধ্যে বেশ কিছু পরিবর্তন আসবে।

(১)- فعل مضارع এর ৭ ছিগাহ হতে نون إعرابي পরে যাবে। সেই ৭টি ছিগাহ হলো:- চার تثنية দুই جمع مذكر غائب و حاضر আর واحد مؤنث حاضر এর এক ছিগাহ। (অর্থাৎ (تفعلان،تفعلان،تفعلان،يفعلون،تفعلون،تفعلين)

(২)- فعل مضارع এর جمع مذكر غائب ও جمع مؤنث حاضر এই দুই ছিগাহ এর শেষে যুক্ত ফায়েল واو (অর্থাৎ ضمير مرفوع متصل) বিলুপ্ত হয়ে যাবে। এবং তার পূর্বের হরফে তার পরিবর্তে পেশ দিতে হবে। যেমন: يَفْعَلُوْنَ থেকে لَيَفْعَلُنَّ এবং تَفْعَلُوْنَ থেকে لَتَفْعَلُنَّ ।

(৩)- فعل مضارع এর এক ছিগাহ অর্থাৎ واحد مؤنث حاضر এর শেষে যুক্ত ফায়েল يا (অর্থাৎ ضمير مرفوع متصل) ও বিলুপ্ত হয়ে যাবে। এবং তার পূর্বের হরফে তার পরিবর্তে যের দিতে হবে। যেমন: تَفعلِيْنَ থেকে لَتَفْعَلِنَّ ।

(৪)- ৬ টি ছিগায় نون ثقيلة এর পূর্বে الف হবে। উক্ত ৬ টি ছিগাহ হলো:- تثنية এর ৪টি ছিগাহ ও جمع مونث غائب و حاضر এর ২ টি ছিগাহ। যেমন:- لَيفعلانِّ، لَتفعلانِّ،لَيفعلْنَانِّ، لَتفعلانِّ، لَتفعلانِّ،لَتفعلْنَانِّ ।

(৫)- যেই ৬ টি ছিগার পূর্বে الف হবে সেই ৬ টি ছিগার মধ্যে نون ثقيلة যের যুক্ত হবে। আর বাকি ৮ টি ছিগার মধ্যে فتحة বা যবর যুক্ত হবে।

তারকিব







(8) لَنَأْمُرَنَّ (نحن) أَوْلَادَنَا بِالصَّلَاةِ



সবকঃ ১৯

فعل أمر و نهي

فعل أمر: বলা হয় ওই فعل কে যার দ্বারা কোন কাজ করার ব্যাপারে আদেশ বা অনুরোধ বুঝায়।

গঠনপ্রণালী: فعل أمر গঠিত হয় فعل مضارع থেকে। أمر غائب معروف و مجهول গঠিহ হয় مضارع غائب معروف و مجهول থেকে। أمر حاضر معروف و مجهول গঠিত হয় مضارع حاضر معروف و مجهول থেকে। أمر متكلم معروف و مجهول গঠিত হয় مضارع متكلم معروف و مجهول থেকে।

فعل أمر গঠনের পদ্ধতি হলো দুইটি। أمر حاضر معروف গঠনের পদ্ধতি একরকম আর বাকি أمر এর অন্যান্য যত ছিগাহ রয়েছে সবগুলোর পদ্ধতি একরকম।

أمر حاضر معروف গঠনের পদ্ধতি

প্রথমে فعل مضارع থেকে আলামতে مضارع কে ফেলে দিতে হবে। এরপর দেখতে হবে প্রথম হরফটি হরকত বিশিষ্ট নাকি সাকিন বিশিষ্টি। যদি হরকত বিশিষ্ট হয় তাহলে আর কোন কাজ নেই শুধু মাত্র শেষ হরফে সাকিন করে দিবে। যেমন: تَضَعُ থেকে ضَعْ । এবং শেষে হরফে حرف علت থাকলে বিলুপ্ত করে দেবে। যেমন: تَقِيْ থেকে قِ । ও نون إعرابي কে শেষে থেকে বিলুপ্ত করে দিবে।

আর যদি আলামতে মুযারে কে ফেলে দেওয়ার পর প্রথম হরফটি হরকত বিশিষ্ট না হয়ে সাকিন বিশিষ্ট হয় তাহলে عين كلمة দেখতে হবে। যদি عين كلمة যবর অথবা যের বিশিষ্ট হয় তাহলে শুরুতে একটা যের বিশিষ্ট همزة الوصل আনতে হবে। আর যদি عين كلمة পেশ বিশিষ্ট হয় তাহলে শুরুতে একটা পেশ বিশিষ্ট همزة الوصل আনতে হবে। যেমন:- تَسْمَعُ থেকে اِسْمَعْ - تَضْرِبُ থেকে اِضْرِبْ - تنصرُ থেকে اُنْصرْ। আর শেষ হরফে حرف العلة থাকলে তা বিলুপ্ত করে দিতে হবে। যেমন:- تَرمِيْ থেকে اِرْمِيْ। এবং শেষে দিয়ে نون إعرابي কেও বিলুপ্ত করতে হবে।

فعل أمر এর অন্যান্য ছিগাহ গঠনের পদ্ধতি

فعل أمر এর অন্যান্য যত ছিগাহ রয়েছে অর্থাৎ أمر غائب معروف،أمر غائب مجهول، أمر حاضر مجهول، أمر متكلم معروف، أمر متكلم مجهول সবগুলো ছিগাহ গঠনের পদ্ধতি একই রকম। فعل مضارع এর শুরুতে শুধুমাত্র لام أمر অর্থাৎ যের বিশিষ্ট একটি লাম যুক্ত করতে হবে। এবং শেষ হরফে সাকিন দিবে যদি হরফে ইল্লত না থাকে। যেমন:- يَفعَلُ থেকে لِيَفْعَلْ - يُفعَلُ থেকে لِيُفْعَلْ - تُفْعَلُ থেকে لِتُفعَلْ - اَفْعَلُ থেকে لِاَفْعَلْ - اُفْعَلُ থেকে لِاُفْعَلْ। আর যদি হরফে ইল্লত থাকে তাহলে তা বিলুপ্ত করতে হবে। আর نون إعرابي কে বিলুপ্ত করতে হবে, তবে جمع مؤنث এর নূন কে আপন অবস্থায় বহাল থাকবে।

ফায়েদা: (১) فعل أمر এর মধ্যে جمع مؤنث غائب و حاضر এর নূন বহাল থাকে। তবে نون اعرابي পড়ে যাবে।

ফায়েদা: (২) لام تاكيد সর্বদা যবর বিশিষ্ট হয় ও তার অর্থ হয়- অবশ্যই। আর فعل أمر সর্বদাই যের বিশিষ্ট হয় ও তার অর্থ হয়- উচিত বা যেন।

ফায়েদা: (৩) همزة الوصل ওই হামযাকে বলে যা তার পূর্বের হরফের সঙ্গে মিলে আসলে লিখার সময় বহাল থাকে; কিন্তু পড়ার সময় উচ্চারিত হয় না। যেমন:- فَاطْلُبْ، ثُمَّ اطْلُبْ ।

ফায়েদা: (৪) فعل أمر এর মধ্যে সর্বদায় শেষ হরফে হরফে ইল্লত হলে তা বিলুপ্ত হয়ে যায়। চাই তা আমরের যেই ছিগাই হোক না কেন।

فعل أمر-এর গরদান

সে যেন ইবাদত করে	واحد مذكر غائب	لِيَعْبُدْ
তারা যেন ইবাদত করে	تثنية مذكر غائب	لِيَعْبُدَا
তারা যেন ইবাদত করে	جمع مذكر غائب	لِيَعْبُدُوْا
সে যেন ইবাদত করে	واحد مؤنث غائب	لِتَعْبُدْ
তারা যেন ইবাদত করে	تثنية مؤنث غائب	لِتَعْبُدَا
তারা যেন ইবাদত করে	جمع مؤنث غائب	لِيَعْبُدْنَ
তুমি ইবাদত করো	واحد مذكر حاضر	أُعْبُدْ
তোমরা ইবাদত করো	تثنية مذكر حاضر	أُعْبُدَا
তোমরা ইবাদত করো	جمع مذكر حاضر	أُعْبُدُوْا
তুমি ইবাদত করো	واحد مؤنث حاضر	أُعْبُدِيْ
তোমরা ইবাদত করো	تثنية مؤنث حاضر	أُعْبُدَا
তোমরা ইবাদত করো	جمع مؤنث حاضر	أُعْبُدْنَ
আমি যেন ইবাদত করি	واحد متكلم	لِأَعْبُدْ
আমরা যেন ইবাদত করি	جمع متكلم	لِنَعْبُدْ







فعل نهي এর পরিচয়

فعل نهي বলা হয় ওই فعل কে যার দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোন কাজ করা থেকে নিষেধ করা হয়।

فعل نهي এর গঠন এর পদ্ধতি

فعل نهي মূলত গঠিত হয় فعل مضارع থেকে। فعل مضارع এর শুরুতে حرف النفي বাড়িয়ে দিলেই فعل نهي এর ছিগাহ গঠিত হয়ে যাবে। এবং এই لا আসার কারণে ছিগার মধ্যে চার ধরণের পরিবর্তন আসবে।

(১) যেই পাঁচ ছিগার শেষে পেশ রয়েছে সেগুলোকে জযম দিতে হবে যদি হরফে ইল্লত না থাকে। যেমন: لا يفعَلْ، لا تفعَلْ، لا أَفعَلْ، لا نَفعَلْ।

(২) শেষ হরফে হরফে ইল্লত থাকলে তা পড়ে যাবে। যেমন:تَخْشَي থেকে لا تَخْشَ

(৩) সাত ছিগাহ হতে نون اعرابي পড়ে যাবে।

(৪) দুই ছিগাহ অর্থাৎ جمع مؤنث এর নূন পূর্বের ন্যায় বহাল থাকবে। যেমন: لا يَفْعَلْنَ، لا تَفْعَلْنَ ।

فعل نهي-এর গরদান

সে যেন উঁচু না করে	واحد مذكر غائب	لا يَرْفَعْ
তারা যেন উঁচু না করে	تثنية مذكر غائب	لا يَرْفَعَا
তারা যেন উঁচু না করে	جمع مذكر غائب	لا يَرْفَعُوْا
সে যেন উঁচু না করে	واحد مؤنث غائب	لا تَرْفَعْ
তারা যেন উঁচু না করে	تثنية مؤنث غائب	لا تَرْفَعَا
তারা যেন উঁচু না করে	جمع مؤنث غائب	لا يَرْفَعْنَ
তুমি উঁচু করো না	واحد مذكر حاضر	لا تَرْفَعْ
তোমরা উঁচু করো না	تثنية مذكر حاضر	لا تَرْفَعَا
তোমরা উঁচু করো না	جمع مذكر حاضر	لا تَرْفَعُوْا
তুমি উঁচু করো না	واحد مؤنث حاضر	لا تَرْفَعِيْ
তোমরা উঁচু করো না	تثنية مؤنث حاضر	لا تَرْفَعَا
তোমরা উঁচু করো না	جمع مؤنث حاضر	لا تَرْفَعْنَ
আমি যেন উঁচু না করি	واحد متكلم	لا اَرْفَعْ
আমরা যেন উঁচু না করি	جمع متكلم	لا نَرْفَعْ

সবকঃ ২০

افعال ناقصة

افعال ناقصة বলা হয়, ঐ সমস্ত فعل কে, যে সমস্ত فعل কে বানানো হয়েছে فاعل এর জন্য মাছদারের অর্থ ব্যতিত অন্য কোন ছিফাত বা গুণ সাব্যস্ত করার জন্য। যেমন كان زيد كاتبا (যায়েদ লেখক হয়েছে)। এখানে كان ফেলটি যায়েদের জন্য كاتب হওয়ার সিফাতটি সাব্যস্ত করেছে।

অন্যভাবেও এর পরিচয় দেওয়া যায়। أفعال ناقصة বলা হয় ওই সমস্ত فعل কে যার অর্থ শুধু মাত্র فاعل দিয়ে পূর্ণ হয় না। বরং তা خبر এর মুখাপেক্ষী থাকে। এবং এগুলো সর্বদা جملة اسمية এর শুরুতে আসে।

افعال ناقصة মোট ১৭ টি। যথাঃ-

كان،صار،ظل،بات،أصبح،أضحي،أمسي
عاد،آض،غدا،راح،ما زال، ما انفكّ
ما برح، ما فتئ، ما دام، ليس.

افعال ناقصة সর্বদা جملة إسمية خبرية এর শুরুতে এসে ইসম কে رفع দেয় এবং خبر কে نصب দেয়। যেমনঃ

(১) كان اللهُ عليماً حكيماً





সবকঃ২১

حال

حال এমন اسم نكرة কে বলা হয়, যা فعل সংঘটিত হওয়ার সময় فاعل বা مفعول به এর অবস্থা অথবা উভয়ের অবস্থা একসাথে বর্ণনা করে। যে فاعل বা مفعول به এর অবস্থা বর্ণনা করা হয় তাকে ذو الحال বলে।

فاعل এর অবস্থা বর্ণনা করার উদাহরণঃ- تكلم عمرٌو ضاحكاً অর্থঃ আমর কথা বলেছে হাস্যরত অবস্থায়। এখানে লক্ষ্য করুন, এখানে আমর হলো ফায়েল। এখন সে একটা কাজ করেছে, কাজটা কি? কাজটা হলো সে কথা বলেছে। কিন্তু সে যে কথা বলেছে কথা বলার সময় তার অবস্থাটা কেমন ছিল? সে কি কাঁদতে কাঁদতে কথা বলেছে? না হাসতে হাসতে? না দৌড়াতে দৌড়াতে? মোট কথা; কথা বলার সময় তার অবস্থাটা কি ছিল? বলা হয়েছে সে কথা বলার সময় তার মুখে হাসি ছিল। সে হেসে হেসে কথা বলেছে। এই যে কথা বলার সময় আমরের অবস্থা কি ছিল তা বর্ণনা করা হলো এটাই হলো হাল। অতএব, এখানে ضاحكاً হলো হাল , আর যেহেতু এখানে আমরের অবস্থা বর্ণনা করা হয়েছে তাই عمرٌو হলো যুল-হাল। নিচে আমরা তারকিবটা একটু খেয়াল করি, তাহলে আরো ভালোভাবে বুঝে আসবে ইনশাআল্লাহ।





مفعول به এর অবস্থা বর্ণনা করার উদাহারণঃ- ضربتُ زيداً مشدوداً অর্থঃ আমি যায়েদ কে প্রহার করেছি বাঁধা অবস্থায়। এখানে যায়েদ হলো مفعول به কারণ তার উপর আমার প্রহারটি পতিত হয়েছে। কিন্তু তাকে যে আমি প্রহার করেছি; তখন সে কোন অবস্থায় ছিল? তাকে কি আমি হাত-পা বেঁধে প্রহার করেছি? নাকি তাকে শুয়াই মেরেছি? নাকি হাত-পা বাঁধা ছাড়া মেরেছি? অর্থাৎ তাকে মারার সময় তার অবস্থাটা কি ছিল ? বলা হয়েছে তাকে যখন মেরেছি তখন তাকে হাত-পা বেঁধে মেরেছি। এই যে মারার সময় তার অবস্থাটা বর্ণনা করলাম এইটাই হলো হাল। তবে প্রথমটার সাথে এটার পার্থক্য হলো এখানে ফায়েল না বরং মাফউলে বিহির অবস্থা বর্ণনা করা হয়েছে। অতএব, এখানে مَشْدُوْدًا হলো হাল আর زيداً হলো যুল-হাল। নিচে তারকিবটা একটু খেয়াল করি, তাহলে আরো ভালোভাবে বুঝে আসবে ইনশাআল্লাহ।



فاعل এবং مفعول به উভয়টার অবস্থা একসাথে বর্ণনা করার উদাহারণঃ- لقيتُ زيداً راكِبَيْنِ আমি যায়েদের সাথে সাক্ষাৎ করেছি এমন অবস্থায় যে আমরা দু'জনেই আরোহণ অবস্থায় ছিলাম। এখানে راكِبَيْنِ শব্দটি হাল। যার দ্বারা সাক্ষাতের সময় ফায়েল ও মাফউলে বিহি (অর্থাৎ বক্তার নিজের ও যায়েদের) উভয়টার অবস্থা বুঝিয়েছে।



বি.দ্র. কখনো কখনো حال টা جملة বা বাক্যও হয়। আর তাকে جملة حالية বলে। এবং جملة حالية টা সর্বদা جملة خبرية হয় جملة انشائية হয় না। আর حال এটা جملة اسمية ও হতে পারে جملة فعلية ও হতে পারে। যখন جملة اسمية হবে তখন جملة حالية এর পূর্বে একটা واو ও ضمير রাবেতা (رابطة) হবে। সেই واو টাকে বলে واو حالية । উদাহরণ: لَقِيْتُ سَعِيْداً وَ هُوَ رَاكِبٌ । এখানে سَعِيْداً এর হাল হয়েছে وَ هُوَ رَاكِبٌ বাক্যটি।



সবকঃ-২২

تمييز

تمييز বলা হয় এমন اسم نكرة কে যা কোন বস্তু হতে অস্পষ্টতা দূর করে। আর যার থেকে অস্পষ্টতা দূর করা হয় তাকে مُمَيَّزْ বলে। যেমনঃ- زيدٌ أكثرُ منكَ مالاً অর্থঃ- যায়েদ সম্পদের দিক দিয়ে তোমার থেকে বেশি। এখানে লক্ষ করুন, আমরা যখন বলব زيدٌ أكثرُ منكَ অর্থ: যায়েদ তোমার থেকে বেশি। কিন্তু কোন দিক দিয়ে বেশি; শরিরের দিক দিয়ে না ভালো-মন্দের দিক দিয়ে, না কোন দিক দিয়ে? এই কথাটা অস্পষ্ট, তো এই অস্পষ্টতাকে দূর করেছে পরের مالاً শব্দটি দ্বারা, আর তা হলো: যায়েদ তোমার থেকে সম্পদে বেশি। তাহলে কি হলো? এখানে مالاً শব্দটি হলো تمييز কারণ এর দ্বারা অস্পষ্টতা দূর করা হয়েছে। আর أكثر হচ্ছে مُمَيَّز কারণ এর থেকেই অস্পষ্টতা দূর করা হয়েছে। নিচে তারকিবটা একটু খেয়াল করি।

(١) زيدٌ أكثرُ (هو) منكَ مالاً



(٢) سعيدٌ شَرِيْفٌ (هو) نَسَبًا



(٥) عِنْدِيْ (ثَابِتٌ هو) رِطْلٌ عَسَلاً



(8) رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا



সবকঃ-২৩

الاسماء الموصولة

اسم موصول বলা হয় এমন اسم কে যার পরে একটি صلة তথা جملة خبرية না আসা পর্যন্ত ইসিমটি বাক্যের পরিপূর্ণ অংশ হতে পারে না।

صلة বলা হয় ঐ جملة خبرية কে, যা اسم موصول এর পরে এসে اسم موصول কে বাক্যের পরিপূর্ণ অংশ বানায়, এবং তার মধ্যে একটা যমির থাকে যা اسم موصول এর দিকে ফিরে।

উদাহরণ সরূপঃ- اَلْكِتَابُ الَّذِي عِنْدِيْ اَحْسَنُ مِنَ الَّذِيْ عِنْدَكَ **অর্থঃ**-আমার নিকট যে কিতাবটি আছে তা তোমার নিকট যে কিতাবটি আছে তার থেকে উত্তম। এখানে লক্ষ করুন, এখানে الذي হলো اسم موصول যা মাওসুফের পরে এসেছে। কিন্তু এটা ততক্ষণ পর্যন্ত বাক্যের পূর্ণ কোন অংশ হবে না, যতক্ষণ না এর পরে কোন جملة خبرية আসবে। আর তাই الذي কে বাক্যের পূর্ণ অংশ বানানোর জন্য এর পরে عندي কে আনা হয়েছে। যদি আমরা এই পরবর্তী বাক্যাংশ কে না আনি তাহলে الذي এর কোন দাম থাকবে না। কারণ, اسم موصول এমন ইসিম যার পরে জুমলায়ে খবরিয়া থাকতেই হবে, তা না হলে বাক্য পূর্ণ হবেই না। আর এখানে صلة হলো ইসমে মাউসুলেন পরের عندي এই অংশটি। আর এটাই হলো جملة خبرية । এই বাক্যটিই ইসমে মাউসুল কে বাক্যের পূর্ণ অংশ বানিয়েছে। এখন আমরা তারকিবটা একটু খেয়াল করি।

رضينا قسمةَ الجبار فينا * لَنَا عِلْمٌ وَلِلْجُهَالِ مَالُ * فَإِنَّ المَالَ يفنى عَن قَرِيبٍ * وَإِنَّ العِلم باق لا يزالُ

علي بن أبي طالب

আমরা আমাদের মধ্যে পরাক্রমশালী আল্লাহর বণ্টনে সন্তুষ্টি হয়েছি। আমাদের জন্য রাখা হয়েছে জ্ঞান, আর অজ্ঞদের জন্য সম্পদ। কারণ সম্পদ অচিরেই ধ্বংস হয়ে যায়, কিন্তু জ্ঞান চিরস্থায়ী, তা কখনো নিঃশেষ হয় না। (হযরত আলী -রা:-)



বি.দ্র. الاسماء الموصولة ১৫ টি:-

(১) الَّذِيْ (২) الَّذَانِ (৩) الَّذَيْنِ (8) الَّذِيْنَ (৫) الَّتِيْ (৬) اللَّتَانِ (৭) اللَّتَيْنِ (৮) اللَّاتِيْ (৯) اللَّوَاتِيْ (১০) مَا (১১) مَنْ (১২) أَيٌّ (১৩) أَيَّةٌ (১8) الف لام بِمَعْنَي الَّذِيْ (১৫) ذُوْ بِمَعْنَي الَّذِيْ

الف لام যদি ইসমে-ফায়েল এর শুরুতে আসে, তাহলে তা فعل معروف এর অর্থ দেয়। যেমন: الضَّارِبُ অর্থ الذي ضَرَبَ । আর যদি তা ইসমে-মাফউলের শুরুতে আসে, তাহলে তা فعل مجهول এর অর্থ দেয়। যেমন: الْمَضْرُوْبُ অর্থ الذي ضُرِبَ ।

اسم موصول তার অবস্থান অনুযায়ী তারকিব হবে। اسم موصول তার صلة সহ সাধারণত অনেকরকমের তারকিব হয়। যেমন: مبتدأ، خبر، فاعل، مفعول به، مجرور، صفت، اسم كان، خبر كان، اسم إِنَّ، خبر إِنَّ، مضاف اليه، معطوف، بدل

(১)



(২)



(৩)



(8)



(٤) مَرَرْتُ بالذي حَبَّبْتَ



(٦) كان الذي نَجَحَ (هو) حاَضِراً



(٩) كان أخي الذي نَجَحَ (هو)



(٧) أنَّ الذي نجح (هو) مُجْتَهِدٌ



(٨) انَّ زَيْدًا الذي نجح (هو)



(١٠) كتابُ الذي قَرَأْتُ جَيِّدٌ







সবকঃ-২৪

اسماء الاشارات

اسماء الاشارات বলা হয় এমন ইসমকে যার মাধ্যমে কোন কিছুর প্রতি ইশারা করা হয়। আর যার প্রতি ইশারা করা হয় তাকে مشارٌ اليِه বলে। যেমন:- هذا الكتاب এখানে هذا হলো ইসমে ইশারা, কারণ এটা বলে কিতাবের দিকে ইশারা করা হয়েছে, আর الكتاب হলো মুশারুন ইলাইহি, কারণ এর প্রতি ইশারা করা হয়েছে।

বি.দ্র. যদি مشارٌ اليِه الف لام বিশিষ্ট হয় তাহলে اسم الاشارة হবে موصوف আর مشارٌ اليِه হবে صفت । যেমন: هذا الكتاب এখানে هذا হলো ইসমে ইশারা মাওসুফ, আর الكتاب হলো মুশারুন ইলাইহি ছিফাত। আর যদি مشارٌ اليِه টা الف لام বিশিষ্ট না হয়, তাহলে اسم الاشارة হবে مبتدأ আর مشارٌ اليِه হবে خبر । যেমন: هذا كتاب এখানে هذا হলো مبتدأ আর كتاب হলো خبر । তারকিবটা একটু লক্ষ করি।





ইশমে ইশারা মোট ১৩ টি। যথাঃ-

ذا	ذان	ذين	تا	تي	ته	تهي	ذه	ذهي	تان	تين	اولاء	اولي
واحد مذكر	تثنيه مذكر		واحد مؤنث						تثنيه مؤنث		جمع مذكر مونث	

সবকঃ-২৫

الاسماء الظروف

أسماء الظروف বলা হয় এমন ইসমকে, যা কোন ক্রিয়া সংঘটিত হওয়ার সময় স্থান বা কাল বুঝায়। আর اسماء الظروف দুই প্রকারঃ (১)-ظرف زمان যা কাল বা সময় বুঝায়। (২)-ظرف مكان যা স্থান বুঝায়।

ظروف زمان

যরফ	অর্থ		بعد	পরে
